ইনকিলাব

19 MAR 2008
৩ ... ৪

ডেফোডিল ইউনিভার্সিটির ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী

# একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় যুগোপযোগী শিক্ষা দিতে হবে -লতিফুর রহমান

স্টাফ রিপোর্টার : তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ও সাবেক প্রধান বিচারপতি লতিফুর রহমান বলেছেন, দেশের সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ দেয়া সম্ভব হচ্ছে না। যে কারণে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব দিনদিন বাড়ছে। জ্ঞানসমৃদ্ধ ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তুলতে ডেফোডিল ইউনিভার্সিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি এ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় যুগোপযোগী শিক্ষাদানের মাধ্যমে শিক্ষার্থীদের তৈরী করতে হবে। গতকাল (মঙ্গলবার) ধানমন্ডির মহিলা ক্রীড়া কমপ্লেক্সে ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ইউনিভার্সিটি বোর্ড অব গভর্নরস'র চেয়ারম্যান মোঃ সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভিসি প্রফেসর ড. আমিনুল ইসলাম। অন্যান্যের মধ্যে ইউনিভার্সিটির প্রফেসর এম. শাহজাহান মিনা, প্রফেসর এম. লুৎফর রহমান ও ডীন প্রফেসর ড. গোলাম রহমান বক্তব্য রাখেন। ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন ইউনিভার্সিটির রেজিস্ট্রার প্রফেসর ড. এম মিজানুর রহমান। গুণগত শিক্ষা প্রসারের ওপর গুরুত্বারোপ করে বিচারপতি লতিফুর রহমান বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে জ্ঞানসমৃদ্ধ জাতিই অগ্রগতি ও সাফল্যের শিখরে উঠতে পারবে। দেশের ৫৪টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে ডেফোডিল ইউনিভার্সিটির অবস্থান ষষ্ঠ স্থানে থাকায় সন্তোষ প্রকাশ করে তিনি বলেন, গুণগত শিক্ষাদানের পাশাপাশি কর্মমুখী শিক্ষার প্রসার ঘটাতে হবে। দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। তিনি উচ্চশিক্ষাকে বাণিজ্যিক ভিত্তিতে না দেখে দেশ ও জাতির সত্যিকার উন্নয়নমুখী শিক্ষাদানের আহ্বান জানান। তিনি আরো বলেন, যুগোপযোগী ও বাস্তবমুখী শিক্ষায় শিক্ষিত করতে পারলে শিক্ষার্থীদের পেছন ফিরে তাকাতে হবে না।

ভিসি প্রফেসর ড. আমিনুল ইসলাম বলেন, মাত্র ছয় বছরে ডেফোডিল ইউনিভার্সিটির উচ্চশিক্ষা কার্যক্রম ব্যাপক সাড়া ফেলেছে। মাত্র ৬০ জন শিক্ষার্থীকে নিয়ে শিক্ষা কার্যক্রম শুরু করলেও বর্তমানে শিক্ষার্থী সংখ্যা সাড়ে ৪ হাজারের বেশি। ভবিষ্যতে এ বিশ্ববিদ্যালয়কে আরও যুগোপযোগী করে শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের আশাবাদ ব্যক্ত করেন তিনি। মোঃ সবুর খান বলেন, দেশের প্রচলিত শিক্ষাব্যবস্থা দক্ষ নেতৃত্ব সৃষ্টিতে ব্যর্থ হয়েছে। কাজেই নেতৃত্বের বিকাশ শিক্ষা প্রতিষ্ঠান থেকেই গড়ে তুলতে হবে। দক্ষ নেতৃত্ব সৃষ্টিতে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়ে তিনি বলেন, মাত্র ছয় বছরে বিশ্বের আট হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে র‍্যাংকিংয়ে স্থান করে নিতে সক্ষম হয়েছে ডেফোডিল ইউনিভার্সিটি। তিনি বর্তমান বিশ্বের শীর্ষ ধনী ওয়ারেন বাফেটের সাম্প্রতিক এক সাক্ষাতকারের সূত্র ধরে শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি বিচারপতি লতিফুর রহমানকে ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান মোঃ সবুর খান। প্রধান অতিথিও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও উচ্চ শিক্ষাপ্রসারে অবদান রাখার জন্য মোঃ সবুর খান, ভিসি প্রফেসর ড. আমিনুল ইসলামকে ক্রেস্ট প্রদান করেন। এছাড়া ২০০৭ সালের 'ফল সেমিস্টারে' জিপিএ-৪ প্রাপ্ত শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন প্রধান অতিথি। দিনব্যাপী প্রতিষ্ঠাবার্ষিকীর শেষ বিকালে ইউনিভার্সিটি